# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ অশুদ্ধ হাদীসের বিষয়ভিত্তিক মূলনীতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২৭-৩২. আর কিছু ভিত্তিহীন বিষয়...

1. আখরোট, বেগুন, বেদানা, কিশমিশ, মাংস, তরমুয, গোলাপ, ইত্যাদির উপকার বা ফযীলত বিষয়ে বর্ণিত সকল হাদীস বানোয়াট ও ভিত্তিহীন।
2. মোরগ বা সাদা মোরগের প্রশংসা বিষয়ক সকল কথা বানোয়াট।
3. আকীক পাথর ব্যবহার, বা অন্য কোনো পাথরের গুণাগুণ বিষয়ক সকল হাদীস বানোয়াট ও ভিত্তিহীন।
4. স্বপ্নের কথা মহিলাদেরকে বলা যাবে না অর্থে বর্ণিত সকল কথা বানোয়াট ও ভিত্তিহীন।
5. রাসূলুল্লাহ ﷺ ফার্সী ভাষায় কথা বলেছেন বা ফার্সী ভাষার নিন্দা করেছেন এ অর্থে বর্ণিত সকল হাদীস বানোয়াট বা ভিত্তিহীন।
6. জারজ সন্তান জান্নাতে প্রবেশ করবে না অর্থে বর্ণিত সকল কথা বানোয়াট ও ভিত্তিহীন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4730

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন